# শিক্ষার্থীদের সাইবার নিরাপত্তার প্রশিক্ষণ

নারায়ণগঞ্জের একটি স্কুলে ইন্টারনেট ও সাইবার নিরাপত্তা বিষয়ে সচেতনতামূলক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল নারায়ণগঞ্জের আড়াইহাজারের বান্টি আইডিয়াল হাই স্কুলে এই সচেতনতামূলক কর্মশালার আয়োজন করে ইন্টারনেট সার্ভিস প্রোভাইডার্স অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ এবং আইসিটি বিজনেস প্রমোশন কাউন্সিল।



এই স্কুলের শিক্ষার্থী এবং শিক্ষকদের জন্য ইন্টারনেট ও সাইবার নিরাপত্তার উপর সচেতনতা ও হাতে কলমে কিছু বিষয়ে প্রশিক্ষণ দেওয়া হয়। এতে এক হাজার শিক্ষার্থী এবং ৩০ জন শিক্ষক অংশ নেন। অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন নারায়ণগঞ্জ-২ আসনের সংসদ সদস্য নজরুল ইসলাম বাবু। এ ধরনের সচেতনতামূলক অনুষ্ঠান আয়োজনের জন্য তিনি আইএসপিএবি ও আইবিপিসিকে ধন্যবাদ জানান। একই সঙ্গে ওই অঞ্চলের অন্যান্য বিদ্যালয়ে এমন কর্মশালা নিয়মিত আয়োজনের আহ্বানও জানান।

আইএসপিএবির সাধারণ সম্পাদক ইমদাদুল হক বিদ্যালয়টিতে ডিজিটাল ল্যাব স্থাপনের পাশাপাশি শিক্ষার্থীদের ইন্টারনেটের জ্ঞানের মাধ্যমে আধুনিক তথ্যপ্রযুক্তির যুগে একজন দক্ষ তথ্যপ্রযুক্তিবিদ হিসেবে গড়ে ওঠার জন্য প্রয়োজনীয় সর্বোচ্চ সহায়তা প্রদানের ঘোষণা দেন। এ সময় তিনি বান্টি আইডিয়াল হাই স্কুলকে দুটি ল্যাপটপ কম্পিউটার উপহার দেন। অনুষ্ঠানে আরও ছিলেন আইএসপিএবি যুগ্ম সাধারণ সম্পাদক মঈন উদ্দিন আহমেদ, ট্রেজারার সুব্রত সরকার, আইসিটি বিজনেস প্রমোশন কাউন্সিলের প্রোগ্রাম অফিসার মো. ফয়সাল খান। কর্মশালায় প্রশিক্ষণ দেন তথ্যপ্রযুক্তিবিদ বেসিস সভাপতি মোস্তাফা জব্বার, অপটিম্যাক্স কমিউনিকেশন লিমিটেডের পরিচালক ইকবাল বাহার জাহিদ, বিজয় কম্পিউটারের প্রধান নির্বাহী জেসমিন জুঁই।

**—আইটি ডেস্ক**